কালের কণ্ঠ

তারিখ 26 NOV 2015
পৃষ্ঠা [illegible] কলাম ৩

কবি নজরুল বিশ্ববিদ্যালয়

# ভর্তি পরীক্ষায় প্রক্সি দিয়ে ঢাবি ছাত্র জেলে

**ভালুকা ও কালিয়াকৈর প্রতিনিধি ▷**

ময়মনসিংহের ত্রিশালে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় প্রক্সি দেওয়ার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) এক ছাত্রকে কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। গাজীপুরের কালিয়াকৈরের ভেজাল শিশুখাদ্য তৈরির অপরাধে কারখানার মালিককে জেল এবং বিদ্যুৎ চুরির দায়ে তিনজনকে জরিমানা করা হয়েছে।

ত্রিশালে এক বছরের বিনাশ্রম কারাদণ্ডপ্রাপ্ত জামান ঠাকুরগাঁওয়ের বালিয়াকান্দি উপজেলার কলাপাড়া গ্রামের আবু জাফরের ছেলে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগের সম্মান প্রথম বর্ষের ছাত্র।

ত্রিশাল থানা ও বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, গতকাল বুধবার সকালে কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষা চলাকালে নিজের নাম পরিবর্তন করে অন্যের পরীক্ষা দিচ্ছিলেন জামান। এ সময় প্রবেশপত্রের ছবির সঙ্গে চেহারার মিল না থাকায় পরীক্ষার কক্ষ পরিদর্শক জামানকে আটক করেন। পরে তাঁকে পুলিশে দেওয়া হয়। এরপর নির্বাহী ম্যাজিস্ট্রেট ত্রিশাল উপজেলা নির্বাহী কর্মকর্তা জান্নাতুল ফেরদৌস ভ্রাম্যমাণ আদালত বসিয়ে জামানকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড, ৫০০ টাকা জরিমানা ও অনাদায়ে আরো সাত দিনের বিনাশ্রম কারাদণ্ড দেন।

এদিকে কালিয়াকৈরের শ্রীফলতলী এলাকার ভাই ভাই সন্দেশ কারখানায় গতকাল দুপুরে ম্যাজিস্ট্রেট মো. সাইফুল কবীরের নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। এ সময় ভেজাল শিশুখাদ্য তৈরির অপরাধে কারখানার মালিক শুভরাজকে গ্রেপ্তার ও কারখানার তৈরি মালামাল ধ্বংস করা হয়। পরে কারখানার মালিককে ছয় মাসের জেল দেওয়া হয়। অন্যদিকে কালিয়াকৈরে গতকাল বিদ্যুৎ চুরির দায়ে তিনজনকে আড়াই লাখ টাকা জরিমানা করেছেন ম্যাজিস্ট্রেট মো. সাইফুল কবিরের ভ্রাম্যমাণ আদালত। ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১-এর চন্দ্রা জোনাল অফিসের আওতাধীন মৌচাক, সাকাশ্বর, আড়াবাড়ি ও এর আশপাশ এলাকায় গতকাল অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণ অভিযান পারিচালনা করা হয়।